প্রথম আলো রোববার, ২৭ জুলাই ২০২৫, ১২ শ্রাবণ ১৪৩২

NORTH SOUTH UNIVERSITY LIBRARY
SEEK KNOWLEDGE
NORTH SOUTH UNIVERSITY
1992

ক্লাবকথন

দেশের বেশ কিছু বিশ্ববিদ্যালয়েই ফার্মেসির শিক্ষার্থীদের আলাদা সংগঠন আছে। এই সংগঠনগুলো মূলত কী ধরনের কাজ করে? কীভাবে সংগঠনের সদস্যরা ভবিষ্যতের জন্য তৈরি হচ্ছেন? খোঁজ নিয়েছেন ছিদরাতুল মুনতাহা

ক্যাম্পাসে সরব ফার্মেসি ক্লাব

সারা বছর নানা কার্যক্রমে যুক্ত থাকেন বলেই ক্লাবের সদস্যদের শেখার যাত্রাটা উপভোগ্য হয়। ছবি : ক্লাবের সৌজন্যে

নর্থ সাউথ ইউনিভার্সিটি ফার্মাসিউটিক্যাল ক্লাব

নর্থ সাউথ ইউনিভার্সিটি ফার্মাসিউটিক্যাল ক্লাব প্রতিষ্ঠিত হয় ২০০৭ সালে। ক্লাসে বা ল্যাবে শেখা তত্ত্বগুলো ঝালাইয়ের পাশাপাশি শিক্ষার্থীদের কর্মদক্ষতা বৃদ্ধি ও দক্ষ পেশাজীবী হিসেবে গড়ে তোলা ক্লাবের লক্ষ্য। ফিল্ড ট্রিপ, ফার্মা ক্যাম্প বা স্বাস্থ্য সচেতনতামূলক অনুষ্ঠান ছাড়াও রক্তদান, বন্যায় ত্রাণ বিতরণ, খেলাধুলা, নানা কার্যক্রমে সরব থাকে নর্থ সাউথের ফার্মা ক্লাব।

ক্লাবের সদস্যদের দাবি, দেশের সবচেয়ে বড় ফার্মাসিউটিক্যাল উৎসবের (ফার্মা ফেস্ট) আয়োজক তাঁরা। দুই দিনের এই উৎসব দেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের শিক্ষার্থী, বিভিন্ন ওষুধ কোম্পানি ও হাসপাতালের প্রতিনিধি—সবাইকে এক ছাদের নিচে আসার সুযোগ করে দেওয়া হয়। ওষুধশিল্প বিশেষজ্ঞ ও গবেষকদের নিয়ে কর্মশালা ও সেমিনারেরও আয়োজন করে ফার্মাসিউটিক্যাল ক্লাব। শুরুতে ৫০ জনকে নিয়ে যাত্রা শুরু করা ক্লাবের সদস্যসংখ্যা এখন প্রায় ৬০০। বর্তমান সভাপতি রাহিল রাইয়ান বলেন, 'ক্লাবের কার্যক্রম শিল্পপ্রতিষ্ঠানগুলোর সঙ্গে পেশাগত সম্পর্ক গড়ে তুলতে সাহায্য করে।' ক্লাবের উদ্যোগে বেশ কয়েকটি ওষুধ কোম্পানির সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে নর্থ সাউথ ইউনিভার্সিটি। কর্তৃপক্ষও প্রয়োজনীয় সহযোগিতা করছে।